

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

Innovation Team এর ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

অদ্য ২৮/১১/২০১৭খ্রি: তারিখ বিকাল ৪.০০ ঘটিকার সময় বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের সভাকক্ষে **Innovation Team** এর ২য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ট্রাস্টের সচিব জয় দত্ত বড়ুয়া। সভায় নিম্নোল্লিখিত সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন:

- ১। শ্যামল মিত্র বড়ুয়া ( উপ-পরিচালক ) সদস্য
- ২। যুগল তঞ্চঙ্গ্যা ( সহঃ হিঃরক্ষণ কর্মকর্তা ) সদস্য
- ৩। সুখময় চাকমা(কম্পি. অপারেটর / আইটি সহকারী) সদস্য

সভায় ইনোভেশন টিম এর কর্ম পরিকল্পনা বিষয়ক নিম্নোল্লিখিত বিষয়সমূহ বিস্তারিতভাবে আলোচনা ও পর্যালোচনা করা হয় :

ক্র:নং	আলোচ্যসূচী	আলোচনা ও সিদ্ধান্ত
০১	সংস্থার সেবা গ্রহীতার সংখ্যা বিবেচনা করে ২০১৭-১৮ অর্থবছরে ৩টি গুরুত্বপূর্ণ সেবা সহজীকরণের জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ সংক্রান্ত	২০১৭-১৮ অর্থবছরে ৩টি গুরুত্বপূর্ণ সেবা সহজীকরণের জন্য অগ্রাধিকার ভিত্তিতে চিহ্নিতকরণ সংক্রান্ত আলোচনা করা হয়। বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট কর্তৃক প্রদত্ত সেবাসমূহের মধ্যে কি কি সেবা সহজীকরণ করা যায় এ বিষয়ে আগামী সভায় সকল সদস্য নিজ নিজ মতামত পেশ করবেন।
০২	ত্রৈমাসিক ইনোভেশন টিমের সভা আহ্বান সংক্রান্ত।	নির্দিষ্ট সময়ের মধ্যে ইনোভেশন টিমের সভা আয়োজন করা হচ্ছে।
০৩	সেবায় উদ্ভাবন প্রক্রিয়ার বিষয়ে মতামত গ্রহণের জন্য ই-মেইল ব্যবহারের পাশাপাশি অন্যান্য সামাজিক মাধ্যমের ব্যবহার নিশ্চিত করার সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত	সোস্যাল মিডিয়ার কার্যকর ব্যবহার সামাজিক যোগাযোগ মাধ্যম(যেমন-ফেসবুক) পেইজ খোলা এবং কর্মকর্তাদের যুক্তকরণ করা হয়েছে।
০৪	সংস্থার কর্মকান্ড নিয়ে বার্ষিক (২০১৬-১৭) প্রতিবেদন প্রস্তুত করা ও ওয়েবসাইটে প্রকাশ সংক্রান্ত।	সংস্থার কর্মকান্ড নিয়ে বার্ষিক (২০১৬-১৭) প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে ও অক্টোবরে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।
০৫	২০১৭-১৮ অর্থ বছরের এপিএ প্রণয়ন	যথাসময়ে ২০১৭-১৮ অর্থ বছরের এপিএ প্রণয়ন করা হয়েছে। বাস্তবায়ন কাজ অব্যাহত রয়েছে।
০৬	দাপ্তরিক যোগাযোগে ই-মেইলের ব্যবহার বৃদ্ধিকরণ এবং ওয়েবসাইট নিয়মিত তথ্যসমৃদ্ধ ও হালনাগাদকরণ	ই-মেইল যোগাযোগের সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং ওয়েবসাইট তথ্যসমৃদ্ধ ও হালনাগাদ করণের কাজ চলমান রয়েছে।

অতঃপর, আলোচনার জন্য আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে একে অপরের সহযোগিতা নিয়ে সততা ও নিষ্ঠার সাথে কাজ করার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৮/১১/১৭

(জয়দত্ত বড়ুয়া)

সভাপতি

সচিব-বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

আহ্বায়ক - ইনোভেশন টিম